



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ ডিসেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

### প্রতিষ্ঠার ২০তম বার্ষিকীতে জনগণের প্রতি ইউপিডিএফ-এর অভিবাদন

আগামীকাল ২৬ ডিসেম্বর ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে আজ মঙ্গলবার, ২৫ ডিসেম্বর ২০১৮ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বার্তায় ইউপিডিএফ-এর সভাপতি প্রসিত খীসা পার্বত্য চট্টগ্রামসহ সারাদেশের জনগণকে সংগ্রামী অভিবাদন জানিয়েছেন। পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠার সংগ্রামে শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানিয়ে বার্তায় তিনি প্রয়াত সহযোদ্ধাদের আকাজক্ষার বাস্তব রূপদানের লক্ষ্যে পার্টির নেতা-কর্মীদের আত্মোৎসর্গ করারও আহ্বান জানান।

সংবাদ মাধ্যমে প্রদত্ত বার্তায় ইউপিডিএফ নেতা একাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাত্র ক'দিন আগে ২৪ ডিসেম্বর খাগড়াছড়ির পূজাগাও সরকারি মদদপুষ্টি সশস্ত্র দুর্বৃত্তদের হামলায় ২ ব্যক্তি নিহত হওয়া, ইউপিডিএফ নেতা-কর্মীদের বাড়িঘরে হামলা-ভাঙচুরসহ সারাদেশে বিরোধী প্রার্থীদের ওপর হামলা, অন্যায় ধরপাকড় ও অব্যাহত সহিংস ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং সরকার ও নির্বাচন কমিশনের ভূমিকার তীব্র নিন্দা জানান।

‘দমন-পীড়ন চালিয়ে চক্রান্ত করে দীর্ঘকাল ক্ষমতার গদি আঁকড়ে থাকা যায় না, এবার জনতার জেগে ওঠার পালা, ব্যালটের মাধ্যমে জনতা নিপীড়ন নির্যাতনের প্রত্যুত্তর দেবে’-- বলে ইউপিডিএফ নেতা মন্তব্য করেছেন।

উল্লেখ্য, পার্বত্য চট্টগ্রামে এক বিশেষ সন্ধিক্ষণে ১৯৯৮ সালের ২৬ ডিসেম্বর এক পার্টি প্রস্তুতি সম্মেলনের মধ্য দিয়ে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) গঠিত হয়। পার্বত্য চট্টগ্রামে স্থায়ী রাজনৈতিক সমাধানের লক্ষ্যে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে ইউপিডিএফ গণতান্ত্রিকভাবে লড়াই সংগ্রাম সংগঠিত করছে। এ পর্যন্ত এ দলের তিন শতাধিক নেতা-কর্মী-সমর্থক সরকার ও প্রতিক্রিয়াশীল চক্রের হাতে প্রাণ হারিয়েছেন।

পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ধরপাকড়, তীব্র দমন-পীড়নের মুখেও সংসদে জনগণের কথা বলতে ইউপিডিএফ ২৯৮ নং আসনে (খাগড়াছড়ি) প্রার্থী দাঁড় করিয়েছে।

২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেন্দ্রীয় প্রচার বিভাগ থেকে একটি প্রচারপত্রও প্রকাশ করা হয়েছে।

পার্বত্য চট্টগ্রামে সরকারের দমন-পীড়ন এতটাই তীব্র হয়ে উঠেছে যে প্রতিষ্ঠাবার্ষিকীর মতো একটি সাধারণ কর্মসূচিতেও সেনা-প্রশাসন বাধা দেয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।